প্রধান বিচারপতির সৌজন্য সাক্ষাৎ

# বিচার বিভাগের প্রশংসা করলেন দক্ষিণ আফ্রিকার প্রধান বিচারপতি

নিজস্ব প্রতিবেদক ▷



সৈয়দ রেফাত আহমেদ

বাংলাদেশের বিচার বিভাগ সংস্কারে প্রধান বিচারপতির দূরদর্শী নেতৃত্ব এবং মানবাধিকার সুরক্ষায় বিচার বিভাগের ভূমিকার ভূয়সী প্রশংসা করেছেন দক্ষিণ আফ্রিকার সাংবিধানিক আদালতের প্রধান বিচারপতি ম্যানডিসা মায়া।

গতকাল মঙ্গলবার সুপ্রিম কোর্টের আপিল বিভাগের গণসংযোগ কর্মকর্তা মো. শফিকুল ইসলামের পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, সফররত প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ মঙ্গলবার দক্ষিণ আফ্রিকার সাংবিধানিক আদালতের প্রধান বিচারপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।

▶▶ পৃষ্ঠা ১৫ ক. ৫

# বিচার বিভাগের প্রশংসা করলেন

▶▶ প্রথম পৃষ্ঠার পর
আদালত ভবনেই এই বৈঠক অনুষ্ঠিত হয়।
বৈঠকে উভয় দেশের প্রধান বিচারপতি একে অন্যের সঙ্গে কুশল বিনিময়ের পাশাপাশি নিজ নিজ দেশের বিচার বিভাগের নানা অভিজ্ঞতা ও কার্যক্রম নিয়ে আলোচনা করেন।
এ সময় বাংলাদেশের প্রধান বিচারপতি বিচার বিভাগের সামগ্রিক উন্নয়ন ও সংস্কারের লক্ষ্যে তাঁর ঘোষিত রোডম্যাপ কার্যক্রমের বিভিন্ন দিক তুলে ধরেন। জবাবে দক্ষিণ আফ্রিকার প্রধান বিচারপতি ম্যানডিসা মায়া বাংলাদেশের বিচার বিভাগে চলমান সংস্কার প্রচেষ্টা এবং মানবাধিকার রক্ষায় নেওয়া পদক্ষেপের প্রশংসা করেন। তিনি দক্ষিণ আফ্রিকার মানবাধিকার কমিশনের অভিজ্ঞতা এবং সাংবিধানিক প্রশ্নে কমিশনের ভূমিকার কথাও তুলে ধরেন।